

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ২১ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার দাবিতে শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা বর্জন

শেখুবি, সর্বোদ্যোগ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বহিষ্কৃত ২১ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে কৃষি অনুষদের দ্বিতীয় শেষ বর্ষের সব শিক্ষার্থী গতকাল থেকে লাগাতার ক্লাস বর্জন শুরু করেছে। বহিষ্কারাদেশ প্রত্যাহার না করা পর্যন্ত দ্বিতীয় শেষ বর্ষের শিক্ষার্থীরা লাগাতার ক্লাস ও সব পরীক্ষা বর্জন কর্মসূচির কথা জানিয়ে গতকাল ভারপ্রাপ্ত উপাচার্য হাবিবুল আবে ইব্রাহিমের কাছে স্মারকপত্রি দিচ্ছে।

প্রায় দুইশ শিক্ষার্থীর সহসংবলিত ওই স্মারকপত্রিতে শিক্ষার্থীরা দাবি করেছে ক্যাম্পাসে কয়েকটি তুচ্ছ ঘটনায় ২১ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। এটা অমানবিক এবং সামাজিক ও ব্যক্তি জীবনে এর বিরূপ প্রভাব পড়বে। কৃষি অনুষদের এ শিক্ষার্থীদের সঙ্গে অন্য লেভেলের শিক্ষার্থীরাও আজ থেকে ক্লাস পরীক্ষা বর্জন করবে বলে জানা গেছে। এ ঘটনায় ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।